আজ দেশে আসছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি



ছবি: সংগৃহীত

পাকিস্তানের আকাশসীমা ব্যবহারের অনুমতি না পাওয়ায় এক দিন পিছিয়ে যাওয়ার পর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি আজ শুক্রবার (২ অক্টোবর) রাশিয়া থেকে দেশে আনা হচ্ছে। এ জন্য প্রয়োজনীয় প্রস্তুতি এরই মধ্যে শেষ হয়েছে।

প্রকল্পসংশ্লিষ্ট এক ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, বিশেষ কার্গো উড়োজাহাজে করে জ্বালানিবাহী চালানটি দুপুরের মধ্যে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা রয়েছে। বিমানবন্দর থেকে শনিবার (৩ অক্টোবর) কঠোর নিরাপত্তার মধ্যে বিশেষ ব্যবস্থায় জ্বালানি রূপপুর বিদ্যুৎকেন্দ্রে নেওয়া হবে।

এর আগে বৃহস্পতিবারই চালানটি দেশে পৌঁছানোর কথা ছিল। তবে শেষ মুহূর্তে ফ্লাইট বাতিল হওয়ায় পরিবহন এক দিন পিছিয়ে শুক্রবারের জন্য নতুন করে সূচি করা হয়।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সূত্র জানায়, পারমাণবিক জ্বালানির মতো স্পর্শকাতর এই চালান পরিবহনে বিশেষ নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়েছে। উড়োজাহাজকে যেসব দেশের আকাশসীমা অতিক্রম করতে হবে, সেসব দেশের কাছ থেকেও আগাম অনুমতি প্রয়োজন। রাশিয়া ও বাংলাদেশ প্রস্তুতি সম্পন্ন করলেও পাকিস্তান তাদের আকাশসীমা ব্যবহারের অনুমতি না দেওয়ায় বৃহস্পতিবারের ফ্লাইটটি বাতিল করতে হয়।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, রূপপুরের দ্বিতীয় ইউনিটের জন্য সাতটি এবং প্রথম ইউনিটের রিফুয়েলিংয়ের জন্য দুটি চালানে মোট নয়টি কার্গোতে পারমাণবিক জ্বালানি আনা হবে। রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক শক্তি করপোরেশন রোসাটম জানিয়েছে, আগামী ডিসেম্বরের মধ্যে পুরো জ্বালানি সরবরাহ সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে।